

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।  
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৭.০০০০.০২৪.০৩.০০১.২০১৮-২০৪

তারিখঃ ৩০ বৈশাখ'১৪২৫ বঙ্গাব্দ  
১৩ মে'২০১৮ খ্রিস্টাব্দ


বিষয় : সহকারী প্রধান কারারক্ষী ও প্রধান কারারক্ষী/ম্যাদ্রিনদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখন প্রথা চালুকরণ।

সূত্র : কারা অধিদপ্তরের পত্র নং ৪৪.০৭.০২৪.০৩.০০১.১৬-৬১২(৭৫) তারিখঃ ২৬.১০.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সহকারী প্রধান কারারক্ষী ও প্রধান কারারক্ষী/ম্যাদ্রিনদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখন প্রথা চালু করা হয়। এ প্রতিবেদন লেখার ক্ষেত্রে অনুবেদনকারী, প্রতিস্বাক্ষরকারী এবং ডোসিয়ার হেফাজতকারী নিয়ে কারা কর্মকর্তাদের মাঝে সংশয় তৈরী হয় এবং বিভিন্ন বিভাগীয় দপ্তর থেকে সংশ্লিষ্ট কর্মচারীদের এসিআরসমূহ কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় বিষয়োক্ত কর্মচারীদের এসিআর প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ তম গ্রেড হতে ১০ম গ্রেডভুক্ত তথা পূর্বতন দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো (অনুশাসনমালাটি [www.mha.gov.bd](http://www.mha.gov.bd) ও [www.prison.gov.bd](http://www.prison.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে) এবং এ অনুশাসনমালার ২.১.১ এর আলোকে শুধুমাত্র বিষয়োক্ত কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ দায়িত্ব নির্ধারণ করা হলোঃ

অনুবেদনকারী- সংশ্লিষ্ট কারাগারের/কর্তৃপক্ষের জেলার/ডেপুটি সুপার সমমানের কর্মকর্তা  
প্রতিস্বাক্ষরকারী- সিনিয়র জেল সুপার/জেল সুপার/সমমানের কর্মকর্তা  
ডোসিয়ার হেফাজতকারী- সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক

  
(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)  
বিজে নং ০১৮০১১০০৫১৫  
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)  
পক্ষে কারা মহাপরিদর্শক।  
[aig.adm@prison.gov.bd](mailto:aig.adm@prison.gov.bd)

কারা উপ মহাপরিদর্শক  
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

অনুলিপিঃ

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার { শুধুমাত্র ই-মেইলযোগে প্রেরণ করা হলো।  
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

২। ডেপুটি জেলার, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুশাসনমালাটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।